গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০২৪.০১৪.০০২.০২০.২০১৭/৯৯ তারিখঃ ১০ এপ্রিল ২০১৮

**বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের এপ্রিল ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুস সামাদ এর সভাপতিত্বে গত ২৪/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের এপ্রিল, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ৩ (তিন) পাতা।

২০/৫/১৮
মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪৫০৯৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/সংস্থা/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
১৭। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

E/P-5/ADP.MINTS.LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ মোঃ আবদুস সামাদ
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ২৪/০৫/২০১৮

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। সচিব মহোদয় সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, অদ্যকার সভায় ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। অত:পর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৪৯টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ২৫৯২.৮৩ কোটি টাকার বিপরীতে এপ্রিল, ২০১৮ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১১০১.০৩ কোটি টাকা, যা বরাদ্দের ৪২.৪৬%। উক্ত অগ্রগতি ২০১৭-১৮ অর্থ বছরের এপ্রিল ২০১৮ পর্যন্ত জাতীয় গড় ৫২% এর তুলনায় ৯% কম। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত আরএডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ৩৬টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ২৩৫৩.৪১ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে জিওবি ১৮০২.০০ কোটি এবং প্রকল্প সাহায্য ৫৫১.৪১ কোটি টাকা। এপ্রিল/২০১৮ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৯৬২.০৭ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৪০.৮৮%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১৩টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৩৯.৪২ কোটি টাকার বিপরীতে এপ্রিল/২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ১৩৮.৯৫ কোটি টাকা যা মোট বরাদ্দের ৫৮.০৪%।

২.২। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়ের আরএডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(কোটি টাকায়)

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | জুলাই/১৭ হতে এপ্রিল/১৮ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|
| | | | মোট | (%) |
| বিআইডব্লিউটিএ | ১৬ | ১০৫৫.৪১ | ৩১৯.৩৭ | ৩০.২৬ |
| বিআইডব্লিউটিসি | ৬ | ৩৬.৭৬ | ৭.১৭ | ১৯.৫০ |
| মংলা বন্দর কর্তৃপক্ষ | ৭ | ৬২.০৮ | ১৮.০২ | ২৯.৫১ |
| স্থল বন্দর কর্তৃপক্ষ | ৭ | ১১৭.৮৪ | ৫৮.৩৪ | ৪৯.৫১ |

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ | জুলাই/১৭ হতে এপ্রিল/১৮ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|
| | | | মোট | (%) |
| নৌপম | ১ | ৮০.০০ | ৩৩.৯৪ | ৪২.৪২ |
| নৌ পরিবহন অধিদপ্তর | ২ | ৬০.৫৭ | ৫৬.২৪ | ৯২.৮৬ |
| চবক | ৬ | ২০৫.৫৬ | ১২৪.৯৭ | ৬০.৮০ |
| বিএসসি | ২ | ৪১৯.৬১ | ৩৬৯.০০ | ৮৭.৯৪ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১ | ৫৫২.০০ | ১১৩.৯৫ | ২০.৬৪ |
| এন এম আই | ১ | ২.০০ | ০.০০ | ০.০০ |
| উপমোট:এডিপি বাস্তবায়ন | ৪৯ | ২৫৯২.৮৩ | ১১০১.০৩ | ৪২.৪৬ |

৩.০। অত:পর সভায় ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **প্রকল্পের অর্থছাড় সংক্রান্তঃ** যে সমস্ত প্রকল্পের এখনো ৪র্থ কিস্তি পর্যন্ত অর্থছাড় হয়নি। সেগুলো দ্রুত অর্থছাড়ের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সকল প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তি অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ে (১০ জুন/২০১৮ এর মধ্যে) আবশ্যিকভাবে অবমুক্ত করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং |
| ৩.২ | **দরপত্র আহবানঃ** চলতি অর্থ বছরে উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ১১২টি দরপত্রের মধ্যে মাত্র ৭৯টি কার্যাদেশ প্রদান করা হয়েছে এখনো ৩৩টি দরপত্রের কার্যাদেশ প্রদান না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। আগামীতে যেন এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয় সেজন্য সকলকে সজাগ থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল দরপত্রের কার্যাদেশ ১০ জুন/২০১৮ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৩ | **পর্যাপ্ত টয়লেটের সংস্থান রাখাঃ** সভাকে অবহিত করা হয় যে, নৌ পরিবহন মন্ত্রনালয়ের আওতাধীন সংস্থাসমূহের পাবলিক স্থানসমূহে পর্যাপ্ত পাবলিক টয়লেটের ব্যবস্থা নেই। এখন থেকে যে কোন স্থাপনা (নৌ বন্দর, ঘাট ও স্থলবন্দর) করার সময় পর্যাপ্ত পাবলিক টয়লেটের (পুরুষ, মহিলা এবং প্রতিবন্ধী) সংস্থান রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | নৌ পরিবহন মন্ত্রনালয়ের আওতাধীন সংস্থাসমূহের পাবলিক স্থাপনা নির্মাণের সময় (নৌ বন্দর, ঘাট ও স্থলবন্দর) পর্যাপ্ত পাবলিক টয়লেটের সংস্থান রাখতে হবে। এছাড়া, টয়লেটের পরিচ্ছন্নতার বিষয়টি বিশেষভাবে বিবেচনা করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালক |
| ৩.৪ | **উপযোজনের প্রস্তাবঃ** চলতি অর্থ বছরে উন্নয়ন বাজেট ১০০% ব্যয় নিশ্চিত করার জন্য যে সমস্ত প্রকল্পের যৌক্তিক কারণে চলতি অর্থ বছরের সমুদয় অর্থ ব্যয় করা যাবেনা সে সকল প্রকল্পের অর্থ প্রত্যাহারের প্রস্তাব প্রযোজ্যক্ষেত্রে উপযোজনের প্রস্তাব যত দ্রুত সম্ভব মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উন্নয়ন বাজেটের অর্থ ১০০% ব্যয় নিশ্চিত করার জন্য যৌক্তিক কারণে যে সকল প্রকল্পের অর্থ প্রত্যাহারের প্রয়োজন হবে অথবা উপযোজনের প্রয়োজন হবে তার প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালক |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৫ | **পিএসসি এবং পিআইসি সভাঃ** সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প মনিটরিং এবং সুষ্ঠু বাস্তবায়নের অন্যতম টুলস পিএসসি এবং পিআইসি সভা। কিন্তু এ মন্ত্রণালয়ের উক্ত সভাগুলো নিয়মিত হচেছনা। সভায় অনুমোদিত প্রকল্প অনুযায়ী ৩ মাস অন্তর পিএসসি সভা এবং ২ মাস অন্তর পিআইসি সভা আহবানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | অনুমোদিত প্রকল্প অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক ৩ মাস অন্তর পিএসসি সভা এবং সংস্থা কর্তৃক ২ মাস অন্তর পিআইসি সভা আহবান করতে হবে। | মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং, সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৬ | **মার্চেন্ট শিপিং কনসালটেন্ট বা লিগেল এডভাইজার নিয়োগঃ** নৌ পরিবহন অধিদপ্তরের আন্তর্জাতিক সংস্থাসমূহের কার্যক্রম ট্রেকে রাখার জন্য এবং এ সংক্রান্ত আইন হালনাগাদ করার জন্য উন্নয়নমুলক প্রকল্পে অথবা রাজস্ব বাজেটে অর্থ সংস্থানের ব্যবস্থা রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | নৌ পরিবহন অধিদপ্তরের আন্তর্জাতিক সংস্থাসমূহের কার্যক্রম ট্রেকে রাখার জন্য এবং এ সংক্রান্ত আইন হালনাগাদ করার জন্য উন্নয়নমুলক প্রকল্পে অথবা রাজস্ব বাজেটের আওতায় মার্চেন্ট শিপিং কনসালটেন্ট বা লিগেল এডভাইজার নিয়োগের নিমিত্ত অর্থ সংস্থানের ব্যবস্থা রাখতে হবে। | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর |

৪.০। নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় মন্ত্রণালয়ের সচিব সভায় অসন্তোষ প্রকাশ করেন। সরকারের সকল নিয়ম কানুন মেনে অর্থ বৎসর শেষ হওয়ার আগেই প্রকল্পের কার্যক্রমে গুণগতমান বজায় রেখে এডিপি বরাদ্দের সর্ব্বোচ ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন।

৫.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আব্দুস সামাদ)
সচিব